# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

الاستعاذة والتفل في الصلاة لدفع الوسوسة কুমন্ত্রণা ঠেকাতে আউযুবিল্লাহ পাঠ ও থুথু নিক্ষেপ

قَالَ عُثْمَانَ بْنَ أَبِي الْعَاصِ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الشَّيْطَانَ قَدْ حَالَ بَيْنِي وَبَيْنَ صَلَاتِي وَقِرَاءَتِي يَلْبِسُهَا عَلَيَّ ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : ذَاكَ شَيْطَانٌ يُقَالُ لَهُ خَنْزَبٌ ، فَإِذَا أَحْسَسْتَهُ فَتَعَوَّذْ بِاللَّهِ مِنْهُ ، وَاتْفِلْ عَلَى يَسَارِكَ ثَلَاثًا، قَالَ : فَفَعَلْتُ ذَلِكَ فَأَذْهَبَهُ اللَّهُ عَنِّي

“উছমান বিন আবুল আছ (রাযিয়াল্লাহু আনহু) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বললেনঃ হে আল্লাহর রাসূল! শয়তান আমার মধ্যে এবং আমার ছালাত ও কিরাআতের মধ্যে অন্তরায় হয়ে আমার কিরাআতে জটিলতা সৃষ্টি করে। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এ হচ্ছে শয়তান, যাকে “খিনযাব” বলা হয়। তুমি তার আগমন অনুভব করলে, আল্লাহর নিকট তিনবার আশ্রয় কামনা করবে এবং বাম দিকে তিনবার থুথু[1] ফেলবে। তিনি (উছমান) বলেনঃ এর পর থেকে আমি এমনটি করি ফলে আল্লাহ তাকে আমার কাছ থেকে দূরে সরিয়ে দেন।[2]

ফুটনোট

[1] এখানে اتفل শব্দটি التفل থেকে উপগত হয়েছে যার অর্থঃ ইষৎ থুথুসহ ফুৎকার প্রদান করা যা نفث অপেক্ষা বেশী (নিহায়াহ)।

[2] মুসলিম ও আহমাদ, ইমাম নববী (রাহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীছে শয়তানের কুমন্ত্রণার সময় আউযুবিল্লাহ পড়ে বাম দিকে তিনবার থুথু ফেলা মুস্তাহাব হওয়ার প্রমাণ রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8147

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন